

## 💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৪

পরিচ্ছেদঃ একবার মাথা মাসেহ করা।

# باب مَا جَاءَ أَنَّ مَسْحَ الرَّأْسِ مَرَّةٌ

#### আরবী

حَدَّقَنَا قُتَيْبَةُ، حَدَّقَنَا بَكْرُ بْنُ مُضَرَ، عَنِ ابْنِ عَجْلاَنَ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُحَمَّد بْنِ عَقِيلٍ، عَنِ الرُّبَيِّعِ بِنْتِ مُعَوِّذِ بْنِ عَفْرَاءَ، أَنَّهَا رَأْتِ النَّبِيَّ صلى الله عليه وسلم يَتَوَضَّأُ قَالَتْ مَسَحَ رَأْسَهُ وَمَسَحَ مَا أَقْبَلَ مِنْهُ وَمَا أَدْبَرَ وَصُدُ غَيْهِ وَأُذُنَيْهِ مَرَّةً وَاحِدَةً ". قَالَ وَفِي مَسَحَ رَأْسَهُ وَمَسَحَ مَا أَقْبَلَ مِنْهُ وَمَا أَدْبَرَ وَصُدُ غَيْهِ وَأُذُنيهِ مَرَّةً وَاحِدَةً ". قَالَ وَفِي الْبَابِ عَنْ عَلِي وَجَدِ طَلْحَة بْنِ مُصَرِّف بْنِ عَمْرٍو. قَالَ أَبُو عِيسَى وَحَديثُ الرُّبيّعِ حَديثُ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رُويَ مِنْ غَيْرِ وَجْهٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ مَسَحَ بِرَأْسِهِ مَرَّةً . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَمَنْ بَعْدَهُمْ . وَبِهِ يَقُولُ جَعْفَرُ بْنُ مُحَمَّدٍ وَسُفْيَانُ الثَّوْرِيُّ وَابْنُ الْمُبَارِكِ عَلْهِ وسلم وَمَنْ بَعْدَهُمْ . وَبِهِ يَقُولُ جَعْفَرُ بْنُ مُحَمَّدٍ وَسُفْيَانُ الثَّوْرِيُّ وَابْنُ الْمُبَارِكِ وَالشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ رَأُوا مَسْحَ الرَّأْسِ مَرَّةً وَاحِدَةً . حَدَّثَنَا مُحَمَّدُ عَنْ مَسْحِ الرَّأْسِ الْمَثِي قَالَ سَمِعْتُ سُفْيَانَ بْنَ عُيَيْنَةَ يَقُولُ سَأَلْتُ جَعْفَرَ بْنَ مُحَمَّدٍ عَنْ مَسْحِ الرَّأْسِ أَلْتُ جَعْفَرَ بْنَ مُحَمَّدٍ عَنْ مَسْحِ الرَّأْسِ وَالْمَابُولِ الْمَالِي وَاللَّهِ .

#### বাংলা

৩৪. কুতায়বা (রহঃ) ..... রুবায়্যি' বিনত মুআববিষ ইবনু 'আফরা রাদিয়াল্লাহু আনহ থেকে বর্ণনা করেন যে, তিনি রাসূলসাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে উযূ (ওজু/অজু/অযু) করতে দেখেছেন। রুবায়্য' বলেন, তিনি তাঁর মাথার সম্মুখ ভাগ ও পশ্চাৎ,কানপট্টি এবং তাঁর দুইকান একবার মাসেহ করলেন। - তিরমিজী হাদিস নম্বরঃ ৩৪ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে 'আলী এবং তালহা ইবনু মূসাররিফ ইবনু আমরের পিতামহ থেকেও হাদিস বার্ণিত রয়েছে। ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেন রুবায়িয়ে' বর্ণিত হাদিসটি হাসান এবং সহীহ। একধিক ভাবে বর্ণিত আছে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর মাথা একবার মাসেহ করেছেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবী ও পরবর্তী আলিমদের অধিকাংশ এই হাদিস অনুসারে মত ব্যক্ত করেছন। ইমাম জা'ফর ইবনু মুহাম্মাদ,



সুফইয়ান ছাওরী, ইবনু মুবারাক, শাফিস, আহমদ এবং ইসহাক ও মাথা মাসহ(মাসেহ) একবার করার মত পোষণ করেন। মুহাম্মদ ইবনু মুহাম্মাদ ইবনু মাসসূর (রহঃ) বলেন যে, আমি শুনেছি সুফইয়ান ইবনু উয়ায়না বলেন, আমি জা'ফর ইবনু মুহাম্মাদকে জিজ্ঞাসা করেছিলাম, একবার মাথা মাসেহ করলে যথেষ্ট হবে কি? তিনি বললেন, হ্যাঁ, আল্লাহর কসম।

### **English**

Ar-Rubayy bint Mu'awidh bin Afra narrated that : she saw the Prophet performing Wudu. She said: "He wiped his head, and what is in the front of it and what is in its rear, and his temples and his ears one time."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ রুবায়্যি বিনতু মু'আব্বিয (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন